দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAY 10 1999
পৃঃ ৪ কলাম ৩

226

# ইংরেজী বিষয়ের শিক্ষকগণের চাকুরীর মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে

সরকার এমপিও ভুক্ত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজী বিষয়ের শিক্ষক সংকট নিরসনের জন্য কর্মরত ইংরেজী শিক্ষকগণের বয়স ৬০ বৎসর পূর্ণ হইলেও তাহাদের পুনঃনিয়োগের অনুমতি প্রদান করিয়াছেন। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যায়িত শারীরিক ও মানসিকভাবে সক্ষম একজন শিক্ষক সবেতন পুনঃনিয়োগের যোগ্য। কিন্তু বাস্তবে দেখা যাইতেছে যে, বহু ইংরেজী শিক্ষকের পুনঃনিয়োগের সর্বযোগ্যতা থাকা সত্ত্বেও পরিচালনা পরিষদের স্বার্থের কারণে তাহারা পুনঃনিয়োগ লাভে ব্যর্থ হইতেছেন। অধিকাংশ পরিচালনা পরিষদ উচ্চতর বেতনের অভিজ্ঞ শিক্ষকের পুনঃনিয়োগের পরিবর্তে নিম্ন বেতনের অনভিজ্ঞ শিক্ষক নিয়োগের পক্ষপাতী। এমতাবস্থায়, ইংরেজী শিক্ষার এই সংকটের দিনে ছাত্র-ছাত্রীরা অভিজ্ঞ শিক্ষকের শিক্ষা হইতে বঞ্চিত। ইহাতে ইংরেজী শিক্ষা সংকট আরও ঘনীভূত হইতেছে। এমতাবস্থায়, ৬০ বৎসর পূর্ণ হওয়ার পরে স্বাস্থ্য বিভাগীয় সুস্থতা সনদপ্রাপ্ত ইংরেজী শিক্ষকগণের চাকুরীর মেয়াদ কোন প্রকার পুনঃনিয়োগ ছাড়াই ৬৫ বৎসর পর্যন্ত বর্ধিত করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

মোহাম্মদ আলী,
প্রধান শিক্ষক,
জরিনা রহিম বালিকা উচ্চ বিদ্যালয়,
ডাক ঃ ভাঙ্গুড়া, জেলা ঃ পাবনা